




হাদীর ওপর হামলার বিচার দাবিতে কাল সারাদেশে বিএনপির বিক্ষোভ



সংগৃহীত ছবি

ঢাকা-৮ আসনের সম্ভাব্য স্বতন্ত্র প্রার্থী ও ইনকিলাব মঞ্চের মুখপাত্র শরিফ ওসমান হাদীকে গুলি করার ঘটনায় জড়িতদের দ্রুত হেস্তার দাবিতে বিএনপি শনিবার সারাদেশে বিক্ষোভ করবে।

আজ শুক্রবার বিকেলে রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউটে ‘রাষ্ট্র গড়ার পরিকল্পনা’ শীর্ষক অনুষ্ঠানে দলের জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী এ কর্মসূচি ঘোষণা করেন। তিনি বলেন, “ওসমান হাদীর ওপর হামলা একটি পরিকল্পিত ষড়যন্ত্র। দুষ্কৃতকারীদের দ্রুত হেস্তার ও ঘটনার পূর্ণ তদন্ত দাবি করছি।”

রিজভী আরও জানান, ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে বিএনপি ও তার অঙ্গ ও সহযোগী সংগঠন শনিবার এই বিক্ষোভ কর্মসূচি পালন করবে।

LENS ASIA